রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক অধিশাখা

www. cabinet.gov.bd

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটির নির্বাহী কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৪) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |



মূল্য : টাকা ৮.০০

| | | |
|---|---|---|
| (১১) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (১৩) | ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (১৪) | ডীন, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (১৫) | প্রতিনিধি (অধ্যাপক), ডিপার্টমেন্ট অব ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি, খুলনা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (১৬) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সদস্য |
| (১৮) | চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| (২০) | মহাপরিচালক, বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| (২১) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| (২২) | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | সদস্য |
| (২৩) | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক (জিএম পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| (২৪) | প্রতিনিধি (সমুদ্র মৎস্য জরিপ বিশেষজ্ঞ), ইনস্টিটিউট অব মেরিন সাইন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (২৫) | মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| (২৬) | অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| (২৭) | সভাপতি, বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি | সদস্য |
| (২৮) | সভাপতি, জাতীয় চিংড়ি চাষি সমিতি | সদস্য |
| (২৯) | সভাপতি, জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | সদস্য |
| (৩০) | সভাপতি, মৎস্য ও চিংড়ি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ সমিতি | সদস্য |
| (৩১) | মৎস্য ও চিংড়ি খাতে উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ/গবেষণা ইত্যাদি সংক্রান্ত আরো ২টি সমিতি/সংস্থা/এনজিও থেকে ২ জন সদস্য (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৩২) | সভাপতি, বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিশ ফাউন্ডেশন | সদস্য |
| (৩৩) | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) জাতীয় কমিটির জন্য এজেন্ডা প্রণয়ন;

(২) মৎস্য ও চিংড়ি সম্পদ সংক্রান্ত উদ্ভূত সমস্যা নিরসনে সুপারিশ প্রণয়ন;

(৩) মৎস্য ও চিংড়ি চাষ সংক্রান্ত ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে ভূমি ব্যবহার, পানি সম্পদ ব্যবস্থাপনা চিহ্নিতকরণ ও প্রতিকারের উপায়সমূহ নির্ধারণ;

(৪) উপকূলীয় অঞ্চলের পোল্ডারভুক্ত জমিতে পানি উন্নয়ন বোর্ডের অবকাঠামোগত সুবিধাদি (বাঁধ, স্লুইস গেট/রেগুলেটর) ইত্যাদি ক্ষতিগ্রস্ত না করে পরিমিত উপায়ে লবণ পানি প্রবেশ ও নির্গমন নিশ্চিত করে মৎস্য ও চিংড়ি চাষের প্রতিবন্ধকতা দূরীকরণ;

(৫) মৎস্য ও চিংড়ি চাষিগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের ব্যবস্থা করাসহ আকস্মিক বিপর্যয় থেকে রক্ষাকল্পে বিমা সুবিধা প্রাপ্তির ব্যবস্থা করার জন্য সুপারিশ প্রণয়ন;

(৬) মৎস্য ও চিংড়ি চাষ, উৎপাদন, প্রক্রিয়াকরণ, মাননিয়ন্ত্রণ, জাহাজিকরণ, রপ্তানিকরণ ইত্যাদি বিষয় পর্যালোচনা, সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও প্রতিকারের ব্যবস্থাকরণ;

(৭) জাতীয় রপ্তানিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় রপ্তানি ভর্তুকির একটি অংশ উৎপাদক (চাষি) পর্যায়ে বিতরণের নীতিমালা প্রণয়ন;

(৮) মৎস্য ও চিংড়ি চাষ এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও অবকাঠামোগত উন্নয়নের জন্য সুপারিশমালা প্রণয়ন ও মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের ব্যবস্থাকরণ;

(৯) জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত সুপারিশমালা বাস্তবায়নসহ মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(১০) সুনীল অর্থনীতি (Blue economy) উন্নয়ন বিষয়ে জাতীয় কমিটির নিকট সুপারিশমালা উত্থাপন এবং অনুমোদিত সুপারিশমালা বাস্তবায়ন।

(গ) কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোনো বিষয়ে অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

(ঘ) কমিটির নিকট কোনো বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি, সরকারি/বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।

(ঙ) নির্বাহী কমিটি প্রতি চার মাস অন্তর বৈঠকে মিলিত হবে; এছাড়া প্রয়োজনে যে কোনো সময় বৈঠকে মিলিত হতে পারবে।

(চ) মৎস্য অধিদপ্তর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd